**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**22 DECEMBER 2024** **7:45 PM IST**

==========================================================================

১) নতুন বিধানসভা কেন্দ্রের ভিত্তিতে রেশন কার্ড বিতরণের দ্বিতীয় পর্যায়ের কার্যসূচি আজ থেকে আরম্ভ ।

২) ২০২৩ সাল থেকে সরকার অপুষ্টি ও ক্ষুধার বিরুদ্ধে নিরলসভাবে কাজ করে চলেছে বলে কেন্দ্রীয় পররাষ্ট্র ও বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটার আজ কাটিগড়ায় আয়োজিত রেশন কার্ড বিতরণ অনুষ্ঠানে মন্তব্য ।

৩) কাছার জেলার উধারবন্দ এবং হাইলাকান্দিতেও আজ রেশন কার্ড বিতরণ ।

৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর ত্রিপুরায় ৬শো ৬৮ কোটি ৩৯ লক্ষ টাকা ব্যায় সাপেক্ষে ১৩টি প্রকল্পের শিলান্যাস ।

৫) বাল্য বিবাহর বিরুদ্ধে তৃতীয় পর্যায়ের অভিযান আরম্ভ , গতকাল থেকে রাজ্যে অভিযান চালিয়ে প্রায় ৪০ জনকে গ্রেপ্তার ।

---

নতুন বিধানসভা কেন্দ্রের ভিত্তিতে নতুন রেশন কার্ড বিতরণের দ্বিতীয় পর্যায়ের কার্যসূচি আজ আনুষ্ঠানিকভাবে আরম্ভ হয়েছে । এই উপলক্ষে

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা লখিমপুর বিধানসভা কেন্দ্রের সকুলিভরিয়ায় রেশন কার্ড বিতরণের কার্যসুচিতে মুখ্য অতিথি হিসেবে অংশ গ্রহণ করেন । এছাড়াও ধেমাজীতে শিক্ষামন্ত্রী রণোজ পেগু , কাছাড়ের কাটিগড়ায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , ডিব্রুগরে প্রাক্তন মন্ত্রী প্রশান্ত ফুকন প্রমুখ এই কার্যসূচিতে অংশ গ্রহণ করেন । উল্লেখ্য যে নতুন রেশন কার্ড বিতরণের দ্বিতীয় পর্যায়ে রাজ্যের ১৬টি জেলার মোট ৫ লক্ষ ১৯ হাজার ৩শো ৬৫ জন হিতাধিকারীকে এই রেশন কার্ড প্রদান করা হবে । নতুন হিতাধিকারীরা প্রধানমন্ত্রী গরীব কল্যাণ আন্ন যোজনার অধীনে আগামী জানুয়ারী মাস থেকেই বিনামূল্যে চাল লাভ করবেন ।

---

কেন্দ্রীয় পররাষ্ট্র ও বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটা আজ কাটিগড়ায় নতুন রেশন কার্ড বিতরণ করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কাছাড় জেলার ২১ হাজার ৮৬৯ জন গ্রাহককে রেশন কার্ড প্রদান করে ৯৭ হাজার ১৪৮ জন লোককে এই কর্মসূচীর আওতায় আনা হয় । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে ২০২৩ সালের জানুয়ারী থেকে সরকার অপুষ্টি ও ক্ষুধার বিরুদ্ধে ক্রমাগত কাজ করে যাচ্ছে । পি এম জি কে এ ওয়াই যোজনার মেয়াদ ২০২৮ সাল পর্যন্ত বৃদ্ধি করার মাধ্যমে কেন্দ্রীয় সরকার নিশ্চিত করেছে যে দেশের ৮০ কোটিরও বেশী মানুষ বিনামূল্যে চাল পাবে বলেও তিনি জানান । দ্বিতীয় পর্যায়ের রেশন কার্ড বিতরণ অনুষ্ঠানে কাছাড় জেলার অতিরিক্ত জেলা আয়ুক্ত ( খাদ্য ও নাগরিক সরবরাহ ) ড.ধ্রুবজ্যোতি হাজারিকা বলেন জাতীয় খাদ্য সুরক্ষা আইনের মাধ্যমে পুষ্টিকর খাদ্য পাবার অধিকার বাস্তবায়িত হয়েছে এবং নতুন রেশন কার্ড বিতরণ এই লক্ষ্যকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছে ।উল্লেখ্য কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রে একযোগে রেশনকার্ড বিতরণ কর্মসূচীর আয়োজন করা হয় । লক্ষীপুরে অনুরুপ কার্যসূচীতে বরাক

উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রায় , উধারবন্দে বিধায়ক মিহিরকান্তি সোম , শিলচরে দীপায়ন চক্রবর্তী ,ধলাইতে নীহার রঞ্জন দাস , বড়খলাতে প্রাক্তন জেলা পরিষদ সভাপতি অমিতাভ রায় , এ পি ডি সি এল পরিচালক নিত্য ভূষন দে এবং সোনাই পৌরসভার চেয়ারপার্সন শীলু রাণী দাস সুবিধাপ্রাপকদের মধ্যে নতুন রেশন কার্ড বিতরণ করেন ।

---

কাছাড় জেলার উধারবন্দ এবং হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রেও আজ এই রেশনকার্ড বিতরণ করা হয়েছে ।

আজ উধারবন্দের ডি এন এইচ এস খেলার মাঠে ১৩ হাজার ৫শো ১৩ জন সুবিধাভোগীর মধ্যে নতুন রেশন কার্ড বিতরণ করা হয় । এতে মোট ৩ হাজার ২শো ৪৫টি পরিবার উপকৃত হবে । বিধায়ক মিহিরকান্তি সোম আজ আনুষ্ঠানিকভাবে হিতাধিকারীদের হাতে এই কার্ড তুলে দেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রী সোম বলেন যে প্রত্যেকটি জেলার অধীনে বিধানসভা কেন্দ্রের সংখ্যা অনুযায়ী জেলা আয়ুক্ত আর্থ-সামাজিক অবস্থানের ভিত্তিতে হিতাধিকারীর নাম নির্বাচন করে এই কার্ড বিতরণের ব্যবস্থা করেছেন ।

অনুরূপভাবে, হাইলাকান্দি এস এস কলেজের খেলার মাঠে আজ আয়োজিত এক অনুষ্ঠানে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ১ হাজার ৮শো ২৭টি পরিবারের ১১ হাজার ৪শো ১০ জনকে রেশনকার্ড বন্টন করা হয় । সাংসদ কৃপানাথ মালা হিতাধিকারীদের হাতে এই কার্ড তুলে দিয়ে সবাইকে সরকার প্রদত্ত এই সুবিধা গ্রহণের আহ্বান জানান । জেলা উপায়ুক্ত নিসর্গ হিভারে স্বাগত ভাষণে বলেন যে কার্ডের প্রত্যেক সদস্যের জন্য বছরে আয়ুষ্মান কার্ডের অধীনে ৫ লক্ষ টাকার বিনামূল্যের চিকিৎসার সুযোগ রয়েছে এছাড়াও ছাত্র-ছাত্রীদের জন্য রেশন কার্ড ইনকাম সার্টিফিকেট হিসেবেও এই কার্ড বিবেচিত হবে । তিনি বলেন যে জানুয়ারী মাস থেকে

এই রেশন কার্ডের মাধ্যমে হিতাধিকারীরা মাথাপিছু ৫ কে জি করে চাল ই-পাস মেশিনের মাধ্যমে ডিলারদের কাছ থেকে সংগ্রহ করতে পারবেন । এই চাল সম্পর্কে কোন ধরণের অভিযোগ থাকলে তা নির্ধারিত জেলার অসামরিক সরবরাহ বিভাগে জমা দিতে বলা হয়েছে ।

জনগণের মধ্যে খাদ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ২ হাজার ১৩ সালে জাতীয় খাদ্য সুরক্ষা আইন প্রণয়ন করা হয় । এই আইন কার্যকর করে সরকার অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণীর জন্য পুষ্টিকর খাদ্যের সহজলভ্যতা নিশ্চিত করেছে ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ ত্রিপুরায় ৬৬৮ কোটি ৩৯ লক্ষ টাকা ব্যয়ে ১৩ টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এ উপলক্ষ্যে ধলাই জেলার মাছুরাইপারায় আয়োজিত এক জনসভায় ভাষণ প্রসঙ্গে শ্রী শাহ ব্রু জনগোষ্ঠীর লোকেদের সংস্থাপনের বিষয়টি নিশ্চিত না করার জন্য পূর্বের কমিউনিস্ট দলের সরকারের সমালোচনা করেন । তিনি বলেন যে বিজেপি নেতৃত্বাধীন সরকার ২০১৮ সালে শাসনে আসার পর এই জনগোষ্ঠীর ৪০ হাজার লোকের সংস্থাপনের উপযুক্ত ব্যাবস্থা গ্রহণ করা হয় । তিনি আরো বলেন যে সরকার ত্রিপুরার বিভিন্ন জেলার ১১ টি গ্রামে ব্রু জনগোষ্ঠীর লোকেদের সংস্থাপনের জন্য ৯০০ কোটি টাকা ব্যয় করেছে । উপযুক্ত সংস্থাপনের পর ব্রু জনগোষ্ঠীরা পানীয় জল, অনাময় ,বিদ্যুত সংযোগ ,উপযুক্ত শিক্ষা এবং নিয়োগের সুবিধা লাভ করেছে বলেও স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী শাহ উল্লেখ করেন ।

---

রাজ্য সরকার বাল্য বিবাহের বিরুদ্ধে তৃতীয় পর্যায়ের অভিযান আরম্ভ করেছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় এই

অভিযান আরম্ভ হওয়ার কথা ঘোষণা করেছেন । এ সম্পর্কে ৩শো ৩৫টি মামলা নথিভুক্ত থাকা সহ ১শো ১৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন । গ্রেপ্তার হওয়া সব অভিযুক্তকে খুব শীঘ্রই আদালতে হাজির করা হবে । বাল্য বিবাহর মত সামাজিক ব্যাধি সমাজ থেকে সম্পূর্ণভাবে দূর করতে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন । এই অভিযানের অংশ হিসেবে দরং জেলায় গতকাল রাত থেকে আজ সকাল পর্যন্ত ২২ জনকে এবং বরপেটা জেলায় ১০ জনকে গ্রাপ্তার করা হয়েছে ।

---

কাছাড় ও হাইলাকান্দি জেলার আসন্ন পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্য নির্বাচন কমিশনার অলোক কুমার আজ এক পর্যালোচনা বৈঠকের আয়োজন করেন । কাছাড়ের জেলা আয়ুক্তের সভাকক্ষে অনুষ্ঠিত এই বৈঠকে রাজ্য নির্বাচন কমিশনের সচিব গীতার্থ বরুয়া ও শীর্ষ পর্যায়ের আধিকারিক সহ কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব ,হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম ,কাছাড়ের পুলিশ সুপার নোমল মাহাতো , হাইলাকান্দির পুলিশ সুপার এবং প্রশাসনিক ও পুলিশ বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন । বেঠকে উভয় জেলার প্রশাসনিক প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে পুলিশের পক্ষে প্রয়োজনীয় তথ্য তুলে ধরা হয় । রাজ্য নির্বাচন কমিশনার অলোক কুমার নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও নিরপেক্ষতাকে মূল ভিত হিসেবে তুলে ধরে সর্বস্তরের ভোটারদের সক্রিয় অংশগ্রহন নিশ্চিত করার আহ্বান জানান । বৈঠকে তিনি নির্বাচনের সুষ্ঠু পরিচালনার জন্য স্পর্শকাতর এলাকায় অতিরিক্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন ,ভোটকর্মীদের জন্য প্রশিক্ষণ , ভোটারদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য ব্যাপক প্রচার ইত্যাদি গুরুত্বপূর্ণ নির্দেশও দেন ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ জেলার বিভিন্ন প্রান্তে শহীদ কনকলতার জন্ম দিবস পালন করা হয়েছে । সংগঠনের জেলা সভাপতি স্বাগতা ভট্টাচার্য্য সহ অন্যান্য সদস্যরা আজ সকাল সাড়ে আটটায় শিলচরে শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশে শহীদ কনকলতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান । এছাড়াও সংগঠনের পক্ষ থেকে আজ দুধপাতিল , আশ্রম রোড , কনকপুর ,স্বামীজী রোড ,শ্রীকোনা , তারাপুরে শহীদ কনকলতার প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়েছে । পরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---

শহীদ কনকলতা জন্ম শতবর্ষ উদযাপন সমিতির উদ্যোগে শহীদ কনকলতার জন্ম শতবর্ষ উপলক্ষ্যে আজ শিলচর ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে একটি বাইক র‍্যালী গহপুরের উদ্দ্যেশে রওয়ানা হয়েছে । বিশিষ্ট সমাজকর্মী হরিদাস দত্ত পতাকা নেড়ে বাইক র‍্যালীর সূচনা করেন । এর আগে সমিতির পক্ষ থেকে শহীদ কনকলতার প্রতিকৃতিতে মাল্যদান করা হয় এবং শহীদ কনকলতার জীবন ও আর্দশ নিয়ে সমিতির সম্পাদক দুলালী গাঙ্গুলী প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । উল্লেখ্য বাইক র‍্যালীটি গহপুর,বরঙ্গাবাড়ী সফর করে কনকলতার প্রতিমূর্তিতে মাল্যদান করে আগামী ২৪শে ডিসেম্বর শিলচর ফিরে আসবে ।

---

নেহরু যুব কেন্দ্রের হাইলাকান্দি জেলা শাখার উদ্যোগে আজ হাইলাকান্দি শহরের হরকিশোর হাইস্কুলে জেলা ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়েছে । উৎসবে ভারতকে ২০৪৭ সালের আগে বিশ্বগুরুতে উপনীত করতে

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেওয়া পাঁচটি মন্ত্র নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়াও যুব উৎসবে বিজ্ঞান প্রদর্শনী , মোবাইল ফোটগ্রাফী , চিত্রাংকন, বক্তৃতা এবং সাংস্কৃতিক প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে ।

---

শ্রীভূমি জেলা সমাজকল্যান বিভাগের হাব ফর এমপাওয়ারমেন্ট অফ ওম্যান-এর মিশন শক্তি ও সংকল্প কার্য্যসূচীর অধীনে এবং নারী ও শিশু উন্নয়ন মন্ত্রকের সহযোগীতায় গতকাল লোয়াইরপোয়ার হাতিখিরা কমিউনিটি হলে স্বাস্থ্য ও পরিপুষ্টি মেলা অনুষ্টিত হয়েছে । শ্রীভূমি জেলার সহকারী আয়ুক্ত ও উত্তর শ্রীভূমির সি ডি পি ও - অন্বেষা খেরসা মেলার উদ্বোধন করেন । মেলায় ১০ জন স্বাস্থ্যবান শিশুকে শংসা পত্র ও উপহার দিয়ে সংবর্ধনা জানানো হয়েছে ।